গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সেবা পরিদপ্তর**
**১৪-১৫ মতিঝিল বানিজ্যিক এলাকা**
ইস্পাহানী ভবন
ঢাকা-১০০০

স্মারক সংখ্যা: ডিএনএস/শা-৩/৪টি-৬৩/ভর্তি:২০১৫-১৬/ ৬৭১২

তারিখঃ ১৫/০৬/১৪২২ বঙ্গাব্দ
৩০/০৯/২০১৫ খ্রিঃ

## ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে সেবা পরিদপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত ০৭ (সাত)টি সরকারী নার্সিং কলেজে ০৪(চার) বছর মেয়াদী ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহবান করা যাইতেছে :

| College Code | Name of Nursing College | Name of Course | Number of Seat |
|---|---|---|---|
| 39 | Dhaka Nursing College | Bachelor of Science in Nursing | 100 |
| 40 | Rajshahi Nursing College, | Bachelor of Science in Nursing | 100 |
| 41 | Chittagong Nursing College | Bachelor of Science in Nursing | 100 |
| 42 | Mymensingh Nursing College | Bachelor of Science in Nursing | 100 |
| 43 | Rangpur Nursing College | Bachelor of Science in Nursing | 100 |
| 44 | Sylhet Nursing College | Bachelor of Science in Nursing | 100 |
| 45 | Barisal Nursing College | Bachelor of Science in Nursing | 100 |

**ভর্তির জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী:**

১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হইতে হইবে।

২। যাহারা বিজ্ঞান বিভাগে জীববিদ্যায় পাসসহ এইচএসসি বা সমমানের পরীক্ষায় ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালে পাস করিয়াছেন, তাহারাই কেবলমাত্র আবেদন করিতে পারিবেন।

৩। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৬.০০ থাকিতে হইবে। কোন অবস্থাতেই এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় GPA (Grade Point Average) ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।

৪। প্রার্থীকে অবিবাহিত ও সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।

৫। শুধু মাত্র MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হইবে।

৬। **ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নীরিক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ ইত্যাদি কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে করা হইবে। সকল উত্তরপত্র "ওএমআর" (OMR) মেশিনে পরীক্ষা করা হইবে।**

৭। মুক্তিযোদ্ধা কোটার (**সন্তান, সন্তানদের সন্তান**) ১৪ (চৌদ্দটি) টি আসন সংরক্ষিত থাকিবে। এই সকল প্রার্থীদেরও অন্যান্যদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হইতে হইবে। সংরক্ষিত এই আসনগুলিতেও সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

৮। অবশিষ্ট আসনের ৬০% জাতীয় মেধা কোটা এবং ৪০% জেলা কোটার ভিত্তিতে নির্বাচন করা হইবে। উল্লেখ্য ০৭ (সাত) টি নার্সিং কলেজের মোট আসন সংখ্যার অনধিক ১০% আসন পুরুষ প্রার্থী কর্তৃক পূরণ করা হইবে। যুক্তিযুক্ত সংখ্যক মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হইবে এবং শূন্য আসনে মেধা ভিত্তিক ভর্তি করা হইবে।

৯। প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাইবে তাহা নির্ভর করিবে লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও প্রার্থীর দেওয়া পছন্দের ক্রমানুসারে। প্রাপ্ত নম্বর অনুযায়ী নির্বাচিত প্রার্থী তাহার পছন্দনীয় স্থানে ভর্তির সুযোগ না পাইলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অন্য যে কোন প্রতিষ্ঠানে ভর্তি হইতে পারিবে।

১০। বর্ণিত কোর্সে ভর্তির জন্য আবেদনের নিয়মাবলী: প্রার্থী যেই CENTER এ পরীক্ষা দিতে ইচ্ছুক, সেই CENTER এর কোড নম্বর আবেদন করার সময় SMS-এর মাধ্যমে অবশ্যই উল্লেখ করিতে হইবে। CENTER কোড নিম্নে দেওয়া হইল:-

| NAME OF EXAM CENTER | Code |
|---|---|
| DHAKA | 1 |
| CHITTAGONG | 2 |
| RAJSHAHI | 3 |
| KHULNA | 4 |
| SYLHET | 5 |
| BARISAL | 6 |
| RANGPUR | 7 |

খ)বর্ণিত কোর্সে আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DNS <space> H <space>HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space>HSC পরীক্ষার রোল নম্বর <space>HSC পাশের সন <space>SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space>SSC পরীক্ষার রোল নম্বর <space>SSC পাসের সন <space>বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ০৭টি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনে উল্লেখিত কোড <space> যে CENTER এ পরীক্ষা দিতে ইচ্ছুক সেই CENTER কোড <space> কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড লিখে 16222 নম্বরে SMS করিতে হইবে। তবে কোটায় আবেদন না করিলে কোটার কোন কী ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

**কোটার কী ওয়ার্ড ঃ মুক্তিযোদ্ধার জন্য FF**

**শিক্ষাবোর্ডের কীওয়ার্ড ঃ** চট্টগ্রাম CHI, ঢাকা DHA, রাজশাহী RAJ, যশোর JES, কুমিল্লা COM,, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD

উদাহরণ ঃ DNS H DHA 123456 2015 DHA 123458 2013 39,41,43,42,45,44,40 1 FF উদাহরণটিতে দেখানো হইয়াছে যে, আবেদনকারী ঢাকা বোর্ড থেকে HSC SSC যথাক্রমে ২০১৫ ও ২০১৩ সালে পাশ করিয়াছে। যেখানে রোল নম্বর ছিল যথাক্রমে ১২৩৪৫৬ ও ১২৩৪৫৮ এবং তাহার কেন্দ্রের কোড ছিল ঢাকা 1.বর্ণিত কোর্সে ভর্তির জন্য তাহার পছন্দক্রম যথাক্রমে ঢাকা নার্সিং কলেজ, চট্রগ্রাম নার্সিং কলেজ, রংপুর নার্সিং কলেজ, ময়মনসিংহ নার্সিং কলেজ, বরিশাল নার্সিং কলেজ, সিলেট নার্সিং কলেজ, রাজশাহী নার্সিং কলেজ, সে ঢাকা CENTER এ পরীক্ষা দিতে ইচ্ছা প্রকাশ করিয়াছে এবং 39,41,43,42,45,44,40 1মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করিয়াছে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কারিকুলামের প্রার্থীগণ শিক্ষা বোর্ডের নামের জায়গায় OTH লিখে HSC Roll ও পাসের সাল লিখে উপরের নিয়মে SMS করিবেন। যেমন DNS H OTH 123456 2015 OTH 123458 2013 and send to 16222 উপরের ম্যাসেজটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হইলে ফিরতি ম্যাসেজ-এ আবেদনকারীর নাম ও একটি পিন নম্বর জানাইয়া ভর্তির আবেদন ফি ৫০০/-টাকা মাত্র কর্তনের সম্মতি চাওয়া হইবে। নিম্বের্ণিত নিয়মানুযায়ী আবেদনকারীকে আরেকটি এসএমএস পাঠিয়ে সম্মতি জানাইতে হইবে। DNS <space>H <space>YES <space>PIN নম্বর <space> আবেদনকারীর মোবাইল নম্বর (যে কোন অপারেটরের) লিখে এসএমএস পাঠাইতে হইবে। পরবর্তী সময়ের জন্য পিন নম্বরটি অবশ্যই সংরক্ষণ করিতে হইবে।

উদাহরণঃ DNS H YES 654321 01XXXXXXXXX

এই উদাহরণে প্রদর্শিত আন্ডারলাইনকৃত জায়গায় যথাক্রমে আবেদনকারীর নিজ পিন নম্বরটি এবং যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর দিতে হইবে বুঝানো হইয়াছে। উল্লেখ্য, সম্মতি জানাইয়া এসএমএস পাঠাইলেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে সার্ভিস চার্জসহ আবেদনকারীর ভর্তি ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র কেটে নেওয়া হইবে। সম্মতি জানিয়ে আবেদন করিলে সেই আবেদন আর প্রত্যাহার করা যাইবে না।

আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমানে টাকা থাকা সাপেক্ষে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নেওয়ার পর এসএমএস এর মাধ্যমে একটি User ID ও Password জানিয়ে দেওয়া হইবে।

**প্রবেশপত্র ডাউনলোড ঃ** আবেদন শেষে প্রবেশপত্র ডাউনলোড বিষয়ে প্রার্থীদিগকে SMS এর মাধ্যমে জানানো হইবে এবং সেবা পরিদপ্তরের ওয়েবসাইট (http://dnsd.teletalk.com.bd) থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাইবে। যোগ্য প্রার্থীদেরকে প্রবেশপত্রের জন্য প্রথমে এক কপি পাসপোর্ট সাইজের (File size not more than 100 kb) রঙিন ছবি স্ক্যান করে অথবা ডিজিটাল ক্যামেরায় উঠিয়ে ৩০০ X ৩০০ পিক্সেল সাইজের জেপিজি ফরমেটে সেইফ (Safe) করিতে হইবে। প্রবেশপত্র ডাইনলোড করিতে http://dns.teletalk.com.bd তে গিয়ে প্রথমে নিজ নিজ User ID ও Password ইনপুট দিতে হইবে। প্রদত্ত ইনপুট সঠিক হইলে নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ফটো আপলোড করার অপশন পাওয়া যাইবে। নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ফটো আপলোড করা হইলে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজ কাগজে প্রিন্ট করে নিতে হইবে। প্রিন্টকৃত কপিতে লেখা প্রার্থীর দস্তখত এর উপরে প্রার্থীকে স্বাক্ষর করে সংরক্ষণ করিতে হইবে।

৯। নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হইবে ঃ
- ক) শিক্ষা বোর্ড হইতে প্রাপ্ত SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট;
- খ) শিক্ষা বোর্ড হইতে প্রাপ্ত SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল গ্রেডশিট;
- গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত (প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক) রঙিন ছবি;
- ঘ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সাম্প্রতিক সময়ে ইস্যুকৃত সনদপত্র এবং ওয়ার্ড কমিশনার বা ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সহিত প্রার্থীর সম্পর্ক বিষয়ক প্রতিবেদন।

১০। অন্যান্য লক্ষণীয় বিষয় ঃ
- ক) ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ অবগত হওয়া মাত্রই বাতিল হইয়া যাইবে।
- খ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা, উপধারা পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- গ) আবেদন করিতে গিয়ে কোন অসুবিধায় পড়িলে বর্ণিত ৭টি প্রতিষ্ঠানের যে কোনটিতে যোগাযোগ করা যাইতে পারে।

১১। কোর্স চলাকালীন সুযোগ-সুবিধা ও বিধি নিষেধঃ
- ক) কোর্স চলাকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করিতে পারিবে না, অন্যথায় প্রমাণ সাপেক্ষে কোর্স থেকে বহিস্কার করা হইবে;
- খ) সিলেবাস/কারিকুলাম অনুযায়ী তাত্ত্বিক শিক্ষা, দিবা ও নৈশকালীন ব্যবহারিক (ক্লিনিক্যাল প্র্যাকটিস) প্রশিক্ষণে অংশগ্রহণ করিতে হইবে;
- গ) কোর্সে থাকাকালীন সময়ে নির্ধারিত হারে মাসিক বৃত্তিভাতা (ষ্টাইপেন্ড) প্রদান করা হইবে।
- গ) কোর্স চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক প্রণীত বিধান ও নিজ নিজ প্রতিষ্ঠানের নিয়ম শৃংখলা যথাযথভাবে মানিয়া চলিতে হইবে;
- ঙ) পুরুষ প্রার্থীদিগকে নিজ দায়িত্বে বাসস্থানের ব্যবস্থা করিতে হইবে;
- চ) কোর্সে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না;
- ছ) কোর্স শেষে চাকুরীর কোন নিশ্চয়তা দেওয়া হইবে না;
- জ) ভর্তির পরে মাইগ্রেশন (অভিপ্রায়ন/ বদলী) সম্পূর্নভাবে বন্ধ থাকিবে।

১২। ফলাফল সংক্রান্ত যে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হইলে তাহা সংশোধনে কমিটি ক্ষমতা রাখে।

১৩। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৪। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচি নিম্নরুপ:

| | |
|---|---|
| • অন-লাইনে আবেদন শুরুর তারিখ | ০৪/১০/২০১৫ খ্রি: |
| • অন-লাইনে আবেদনের শেষ তারিখ | ২৬/১০/২০১৫ খ্রি: তারিখ রাত ১১:৫৯ মি: পর্যন্ত |
| • অন-লাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ | ২৭/১০/২০১৫ খ্রি: রাত ১১:৫৯ মি: পর্যন্ত |
| • অন-লাইনে প্রবেশ পত্র সংগ্রহের শেষ তারিখ | ২১/১১/২০১৫ খ্রি: রাত ১১:৫৯মি: |
| • ভর্তি পরীক্ষা | ২৭/১১/২০১৫ খ্রি: সকাল ১০:০০ ঘটিকা |

১৫। এই বিজ্ঞপ্তি সেবা পরিদপ্তরের ওয়েবসাইট (**www.dns.gov.bd**)-এ পাওয়া যাইবে।

(নিলুফার ফরহাদ)
উপ-পরিচালক, শিক্ষা (ভারপ্রাপ্ত)
সেবা পরিদপ্তর, ঢাকা।

GD-3167

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেবা পরিদপ্তর
১৪/১৫ মতিঝিল বানিজ্যিক এলাকা
ইস্পাহানী ভবন
ঢাকা-১০০০।

নং : ডিএনএস/এনইএস/ছাত্রী ভর্তি-৯৬/২০১৫/৬৭০৪

তারিখ ঃ৩০/০৯/২০১৫ খ্রিঃ

## "ডিপ্লোমা ইন মিডওয়াইফারী কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি"

২০১৫-১৬ শিক্ষাবর্ষে সেবা পরিদপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত **প্রতিষ্ঠানে** ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারী কোর্সে ১ম বর্ষে শুধুমাত্র ছাত্রী ভর্তির জন্য অন লাইনে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| Institute /College Code | Name of the Nursing Institute | Name of the Course | Number of Seat |
|---|---|---|---|
| 1 | Dhaka Nursing College | Diploma in Midwifery | 50 |
| 2 | Rajshahi Nursing College | Diploma in Midwifery | 25 |
| 3 | Chittagong Nursing College | Diploma in Midwifery | 25 |
| 4 | Mymensingh Nursing College | Diploma in Midwifery | 25 |
| 5 | Rangpur Nursing College | Diploma in Midwifery | 25 |
| 6 | SylhetNursingCollege | Diploma in Midwifery | 25 |
| 7 | Barisal Nursing College | Diploma in Midwifery | 25 |
| 8 | Bogra Nursing College | Diploma in Midwifery | 25 |
| 9 | Fouzderhat Nursing College,Chittagong | Diploma in Midwifery | 25 |
| 10 | Manikgonj Nursing College | Diploma in Midwifery | 25 |
| 11 | Nursing Institute, Mitford, Dhaka | Diploma in Midwifery | 25 |
| 12 | Nursing Institute, Comilla | Diploma in Midwifery | 25 |
| 13 | Nursing Institute, Noakhali | Diploma in Midwifery | 25 |
| 14 | Nursing Institute, Tangail | Diploma in Midwifery | 25 |
| 15 | Nursing Institute, Faridpur | Diploma in Midwifery | 25 |
| 16 | Nursing Institute, Khulna | Diploma in Midwifery | 25 |
| 17 | Nursing Institute, Jessore | Diploma in Midwifery | 25 |
| 18 | Nursing Institute, Kushtia | Diploma in Midwifery | 25 |
| 19 | Nursing Institute, Satkhira | Diploma in Midwifery | 25 |
| 20 | Nursing Institute, Pabna | Diploma in Midwifery | 25 |
| 21 | Nursing Institute, Dinajpur | Diploma in Midwifery | 25 |
| 22 | Nursing Institute, Bogra | Diploma in Midwifery | 25 |
| 23 | Nursing Institute, Munshigonj | Diploma in Midwifery | 25 |
| 24 | Nursing Institute, Gopalgonj | Diploma in Midwifery | 25 |
| 25 | Nursing Institute, Hobigonj | Diploma in Midwifery | 25 |
| 26 | Nursing Institute, Chandpur | Diploma in Midwifery | 25 |
| 27 | Nursing Institute, Shirajgonj | Diploma in Midwifery | 25 |
| 28 | Nursing Institute, Rajbari | Diploma in Midwifery | 25 |
| 29 | Nursing Institute, Jhenaidah | Diploma in Midwifery | 25 |
| 30 | Nursing Institute, Joypurhat | Diploma in Midwifery | 25 |
| 31 | Nursing Institute, Kishorgonj | Diploma in Midwifery | 25 |
| 32 | Nursing Institute, Mouluvibazar | Diploma in Midwifery | 25 |
| 33 | Nursing Institute, Feni | Diploma in Midwifery | 25 |
| 34 | Nursing Institute, Kurigram | Diploma in Midwifery | 25 |
| 35 | Nursing Institute, Pirojpur | Diploma in Midwifery | 25 |
| 36 | Nursing Institute, Nowgaon | Diploma in Midwifery | 25 |
| 37 | Nursing Institute, Rangamati | Diploma in Midwifery | 25 |
| 38 | Nursing Institute, Patuakhali | Diploma in Midwifery | 25 |
| | | Total : | 975 |

২। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।

৩। ভর্তির জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী ঃ

ক. যে কোন শিক্ষা বোর্ড থেকে এসএসসি বা সমমানের ২০১১, ২০১২ ও ২০১৩ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত পরীক্ষায় GPA (Grade Point Average) নূণ্যতম ২.৫০ এবং এইচএসসি বা সমমানের ২০১৩ , ২০১৪ ও ২০১৫ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত পরীক্ষায় GPA নূণ্যতম ২.৫০ প্রাপ্ত শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করিতে পারিবে।

৪। শুধুমাত্র MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হইবে।

৫। ভর্তি পরীক্ষার আবেদন পত্র প্রক্রিয়াকরণ নিয়ন্ত্রণ এবং ফলাফল চূড়ান্তকরণ ইত্যাদি কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে করা হইবে। উত্তরপত্র "ও এম আর" (OMR) মেশিনে পরীক্ষা করা হইবে।

৬। মোট আসনের মধ্যে ২০ টি আসন মুক্তিযোদ্ধা পরিবারের কন্যা সন্তানদের জন্য সংরক্ষিত থাকিবে এবং অবশিষ্ট আসনের ৬০% জাতীয় মেধা কোটায় ও ৪০% আসন জেলা কোটা থেকে নির্বাচন করা হইবে। মুক্তিযোদ্ধা পরিবারের কন্যা সন্তানদের জন্য সংরক্ষিত ২০টি আসনে মুক্তিযোদ্ধাদের কন্যা সন্তান এবং মুক্তিযোদ্ধাদের সন্তানদের কন্যা সন্তানগণ আবেদন করিতে পারিবে।

৭। প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সুযোগ পাইবে তা নির্ভর করিবে পরীক্ষার প্রাপ্ত প্রার্থীর মোট নম্বর ও প্রার্থীর দেয়া পছন্দের ক্রমানুসারে। নির্বাচিত প্রার্থী তার প্রাপ্ত নম্বর অনুযায়ী পছন্দনীয় স্থানে ভর্তির সুযোগ না পাইলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অন্য যে কোন প্রতিষ্ঠানে ভর্তি হইতে হইবে।

৮। বর্ণিত কোর্সে ভর্তির জন্য আবেদনের নিয়মাবলী ঃ

(ক) ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারী কোর্সের ১ম বর্ষে শুধুমাত্র ছাত্রী ভর্তির ক্ষেত্রে প্রার্থী যে center এ পরীক্ষা দিতে ইচ্ছুক সেই center এর কোড নম্বর অবশ্যই আবেদন করার সময় উল্লেখ করিতে হইবে। center এর কোড নিম্নে উল্লেখ করা হলো ঃ-

| NAME OF EXAM CENTER | CODE |
|---|---|
| DHAKA | 1 |
| CHITTAGONG | 2 |
| RAJSHAHI | 3 |
| KHULNA | 4 |
| SYLHET | 5 |
| BARISHAL | 6 |
| RANGPUR | 7 |

খ) বর্ণিত কোর্সে ভর্তির আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DNS <space> M <space> HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> HSC পরীক্ষার রোল নম্বর <space> HSC পাশের সন <space> SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> SSC পরীক্ষার রোল <space> SSC পাসের সন <space> বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ১০টি প্রতিষ্ঠানের (বিজ্ঞাপনে উল্লেখিত) কোড <space> কোন কেন্দ্রের অধীনে প্রার্থী পরীক্ষা দিতে ইচ্ছুক সেই কেন্দ্রের কোড নম্বর <space> কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড এবং <space> দিয়ে কেন্দ্রের কোড লিখে 16222 নম্বরে SMS করিতে হইবে। তবে কোটায় আবেদন না করিলে কোটার কোন কী ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

কোটার কী (Key) ওয়ার্ডঃ মুক্তিযোদ্ধার জন্য FF

শিক্ষাবোর্ডের কী (Key) ওয়ার্ডঃ চট্টগ্রাম CHI, ঢাকা DHA, রাজশাহী RAJ, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, ডিপ্লোমা ইন বিজনেজ ম্যানেজমেন্ট DIB, এইচএসসি ইন বিজনেজ ম্যানেজমেন্ট HBM, কারিগরি শিক্ষা বোর্ড TEC

উদাহরণ ( সাধারন কোটায় ভর্তির জন্য আবেদনের নমুনা) ঃ DNS M DHA 123456 2015 DHA 123458 2013 1, 2, 3, 14, 11, 27, 17, 5, 13, 19, 1

See Page-19